



# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৭, ৮-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।

www.pallisanchaybank.gov.bd

## সঞ্চয় ও ঋণ বিভাগ

স্মারক নং-পসব্য/প্রকা/পরি-২২ (অংশ-৩)/২০২৫-২৬/১৪২

তারিখ: ০৬/১১/২০২৫ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয় : শাখার মাঠ সহকারীগণের ইউনিয়ন/সমিতি ভিত্তিক দায়িত্ব বন্টন।

সূত্র স্মারক নং-পসব্য/প্রকা/পরি-৪৮/২০২৩-২৪/৭৪৪, তারিখ : ১৯.০৯.২০২৩

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। মাঠ সহকারীগণ শাখার নির্দিষ্ট ইউনিয়ন/সমিতির দায়িত্ব পালন করেন। একজন মাঠ সহকারীর অনুপস্থিতিতে তার ইউনিয়ন/সমিতির দায়িত্বসমূহ অন্য কোন কর্মচারী কর্তৃক পালন করা হয় না। ফলস্বরূপ ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রম বাধাগ্রস্ত হয়। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বদলি, পদত্যাগ বা অন্য কারণে কোন মাঠ সহকারী দীর্ঘদিন অনুপস্থিত থাকা সত্ত্বেও তার ইউনিয়ন/সমিতির দায়িত্ব পুনর্বন্টন করে কাজের ধারাবাহিকতা বজায় রাখা হচ্ছে না, যা কোনভাবেই কাম্য নয়।

০৩। এমতাবস্থায়, কোন মাঠ সহকারী কর্মক্ষেত্রে দুই সপ্তাহের অধিক অনুপস্থিত থাকলে এবং তার অনুপস্থিতির ব্যাপ্তি আরও দীর্ঘায়িত হওয়ার সম্ভাবনা থাকলে উক্ত ইউনিয়ন/সমিতির দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিত করার নিমিত্ত অফিস আদেশের মাধ্যমে দায়িত্ব পুনর্বন্টন করার জন্য সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপককে নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত,

(মো: রুহুল আমিন)

সিনিয়র প্রিন্সিপাল অফিসার

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২ (অংশ-৩)/২০২৫-২৬/১৪২(৮৬)

তারিখ: ০৬/১১/২০২৫ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। বিভাগীয় প্রধান (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (আইসিটি বিভাগের বিভাগীয় প্রধানকে পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। বিভাগীয় মনিটরিং কর্মকর্তা (সকল), শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা-কে বিষয়টি তদারকি করার পরামর্শ দেওয়া হলো।
- ৬। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক-কে উপর্যুক্ত নির্দেশনা বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ দেওয়া হলো।
- ৭। অফিস নথি।

(সানজিদা সরকার)

সিনিয়র অফিসার